বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম এর "নৈতিকতা কমিটির"সভার কার্যবিবরণী ।

জাতীয় শুদ্ধাচার কৌশল এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়,চট্টগ্রামে গঠিত নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ৪র্থ সভা বিভাগীয় মহাব্যবস্থাপক জনাব মোঃ শফিউল আজম মহোদয় এর সভাপতিত্বে ২৯.০৬.২০২২ ইং বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয় । সভায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন :

(ক) জনাব মোঃ শামীম উদ্দিন, উপ- মহাব্যবস্থাপক(দায়িত্বে), বিকেবি, বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম ও সদস্য।

(খ) জনাব মঈন উদ্দিন আহমেদ, কর্মকর্তা(অবাক), বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম ও সদস্য।

(গ) জনাব শিরীন আক্তার, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিকেবি,বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

০২। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষন প্রতিবেদনের(এপ্রিল-জুন/২০২২; ৪র্থ প্রান্তিক) এর উপর বাংলাদেশ কৃষি ব্যাংক,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম এর "নৈতিকতা কমিটির" সভার কার্যক্রম শুরু হয়। বর্তমানে প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবস্থায় টিকে থাকতে আমাদের সক্ষমতা বৃদ্ধির কোন বিকল্প নেই এবং ব্যক্তিগত,কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব বিশদ বর্ণনার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। দক্ষতা ও জ্ঞান হলো সফলতার/উন্নয়নের অন্যতম শর্ত। যে কোন প্রতিষ্ঠানের বাস্তব সফলতা অর্জনে শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। তবে এর নেতিবাচক প্রয়োগ কখনোই কল্যান বয়ে আনতে পারে না। তাই,দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা,সততা,সময়ানুবর্তিতা,আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন,পরিবার,সমাজ,কর্মক্ষেত্র,রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে দেশের সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়।বর্তমানে রাষ্ট্রীয় বিভিন্ন খাতের পাশাপাশি ব্যাংকিং খাতেও নানামুখী দূর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রনয়ন ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরি বলে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দূর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করা হয় যার বিবরন নিম্নরুপ :

০১) লক্ষ্যমাত্রা অনুযায়ী আমানত সংগ্রহ, ঋণ বিতরণ,ঋণ আদায় করে সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্বারোপ করা হয়।

০২) আমানতের ঘাটতি পূরনের লক্ষ্যে সুদবিহীন ও কমসুদবিহীন আমানত সংগ্রহের বিষয়ে আলোকপাত করা হয়।

০৩) গ্রাহকদের ৭টি মৌলিক তথ্য(সিআইএফ)হালনাগাদ কাজ দ্রুত সম্পন্নের জন্য শাখা ব্যবস্থাপকদের নির্দেশনা প্রদান করা হয়।

০৪) কোন গ্রাহকই যেন হয়রানীর শিকার হতে না হয় সে বিষয়ে নির্দেশনা প্রদান।

০৫) বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়,আঞ্চলিক নিরীক্ষা কে ব্যাংকের ওয়েব সাইটের স্ব স্ব ট্যাবে শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির নাম পদবীসহ তথ্য ,২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষন বাস্তবায়ন ,ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য, হালনাগাদ ত্রৈমাসিক ভিত্তিতে ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন, অগ্রগতি প্রতিবেদন এবং শুদ্ধাচার বিষয়ক সকল তথ্য আপলোড করতে হবে।

০৬)ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী সকল ক্ষেত্রে তথা বিকেবি'র কর্মপরিসরে শুদ্ধাচার চর্চার বিষয়ে সংশ্লিষ্ট কর্পোরেট শাখা ও মুখ্য আঞ্চলিক এবং আঞ্চলিক কার্যালয়সমূহকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে হবে। শুদ্ধাচার সংক্রান্ত নূন্যতম ২টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

০৭) আর্থিক ব্যবস্থাপনা বা অন্য যে কোন বিষয়ে অনিয়ম পরিলক্ষিত হলে তা চিহ্নিতকরনের উপায় হিসেবে দৃষ্টিগোচর সথানে অভিযোগ বাক্স অধিকাংশ শাখায় ও সকল কার্যালয়ে স্থাপন করা হয়েছে । যে সকল শাখায় এখনও অভিযোগ বাক্স স্থাপন করা হয়নি, সে সকল শাখাকে আগামী ১৫ দিনের মধ্যে অভিযোগ বাক্স স্থাপনের নির্দেশ প্রদান করতে হবে (সংশ্লিষ্ট মুখ্য অঞ্চল/অঞ্চল প্রধানের মাধ্যমে)।

০৮)খেলাপি ঋণ সংস্কৃতি থেকে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপি ঋণ আদায়ে বিশেষ কর্মসূচি হিসাবে দ্বি-পাক্ষিক সভা আয়োজনের বিষয়টি চলমান রাখতে হবে ও এ বিষয়ে কৌশলগত পরিকল্পনা বাস্তবায়ন জোরদার করতে হবে।

০৯)বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম এর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের লক্ষ্যে পর্যায়ক্রমে প্রতিটি শাখাকে ডিজিটালাইজড করার বিষয়ে আঞ্চলিক ও প্রধান কার্যালয়ের সঙ্গে যোগাযোগ রক্ষা এবং শাখা সমূহে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীরা আধুনিক প্রযুক্তি বিশেষ করে কম্পিউটার পরিচালনায় ভীতি/অনীহা দূর করে আন্তরিকতার সাথে স্বউদ্যোগে দক্ষ হতে সচেষ্ট হবেন। নির্ধারিত শাখাসমূহে জেনারেটর ও কম্পিউটার ও কম্পিউটার সামগ্রি সরবরাহের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে।

১০)সংশ্লিষ্ট সকলে সততার সাথে মানি লন্ডারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করবেন।

১১) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অঞ্চল প্রধানগণ নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিকেবি,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন।এ বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা,উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা,বিকেবি,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম কে আরও তৎপর হতে হবে

১২) নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শাখা পরিদর্শন শতভাগ নিশ্চিত করতে হবে(বিকাচ,সকল মুখ্য অঞ্চল ও কার্যালয়সমূহ)।

১৩) প্রাতিষ্ঠানিক গনশুনানী বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে।

১৪) কোভিট-১৯ মোকাবেলায় সরকার ঘোষিত প্রনোদনা প্যাকেজের বাস্তবায়ন সর্ম্পকিত **BKB Loan Disbursment,Under Covid-19 Stimulus Package Portal** লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের জন্য সচেষ্ট থাকতে হবে।

১৫) প্রকাশ্যে ও গুনীজনদের উপস্থিতিতে ঋণ প্রদান কার্যক্রম সকল শাখাসমূহে জোড়দার করতে হবে।

১৬) শাখাসমূহে কম্পিউটারাইজেশন প্রক্রিয়া জোড়দারকরনের মাধ্যমে গ্রাহক সেবার মান বৃদ্ধি করতে হবে।

১৭) ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইড লাইন-২০১৯ এর নির্দেশনা যথাযতভাবে পরিপালন করতে হবে।

১৮) পিপিএ-২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর-২০০৮ এর বিধি ১৬(৬০ অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা করতে হবে।

১৯) কোভিড-১৯ বর্তমান বিশ্বে সংক্রমনের প্রবনতা চলমান। সকল স্তরে ব্যাংক কর্মীদের অত্যন্ত সচেতনতার সাথে স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য পালনে অধিকতর তৎপর ও যত্নবান হতে হবে(বিকাচ,সকল মুখ্য অঞ্চল ও কার্যালয় সমূহ)।

২০) শাখা পর্যায়ে সকল গ্রাহকদের সাথে সৌজন্যমূলক ও আন্তরিক মনোভাব পোষন করে ব্যাংকের দায়িত্ব পালন করতে হবে,যাতে ব্যাংকের ভাবমূর্তি আরও উজ্জ্বল হয় (বিকাচ,সকল মুখ্য অঞ্চল ও কার্যালয় সমূহ)।

২১) প্রতি ত্রৈমাসিকের ১ম সপ্তাহে বিগত ত্রৈমাসিকে আপলোডকৃত বাস্তবায়ন প্রতিবেদনের সঠিকতা বিষয়ে একটি প্রত্যয়ন পত্র নৈতিকতা কমিটির সভাপতি এবং সদস্য সচিবের স্বাক্ষরে অত্র কার্যালয় ও শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত ঃ

ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় নির্ধারিত ছকে বিভাগীয় কার্যালয়ের কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। (কার্যকরনঃ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপস্থাপনকারী কর্মকর্তা,বিকেবি,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম) ।

খ) সার্বিকভাবে অর্থ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের সকল কে সদ্য চালুকৃত ০৬টি ডিপোজিট স্কীমসহ সঞ্চয়ী ও চলতি হিসাব খুলে আমানত সংগ্রহ জোরদার করার বিষয়ে প্রধান কার্যালয়ের শুদ্ধাচার কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে।

সভাপতি মহোদয় সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল কে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন ।

(শিরীন আক্তার)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

29.6.22
(মঈন উদ্দিন আহমেদ)
কর্মকর্তা(অবাক)
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
ও
সদস্য

২৯.০৬.2022
(মোঃ শামীম উদ্দিন)
উপ- মহাব্যবস্থাপক(দায়িত্বে)
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
ও
সদস্য

29.06.2022
(মোঃ শফিউল আজম)
মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
ও
সভাপতি

তারিখঃ ২৯.০৬.২০২২খ্রিঃ

সূত্র নং-বিকাচ(পরি)১১(২৬)/২০২১-২০২২/৪১৮১

অবগতি ও কার্যকরনে অনুলিপিঃ-

১। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ,বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
২। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, আগ্রাবাদ/চট্টগ্রাম কর্পোরেট শাখা,চট্টগ্রাম।
৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক,বিকেবি,চট্টগ্রাম বিভাগ।

(শিরীন আক্তার)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম

পরিশিষ্ট-'ক'

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন(এপ্রিল,২০২২ইং হতে জুন,২০২২ইং)

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নেরদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা........................................ | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটি সভা আয়োজন | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৬ | % | **মহাব্যবস্থাপক** | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | | ১০০% | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | | ১০০% | লক্ষ্যমাত্রা | | ৫০% | | ৫০% | | | |
| | | | | | | অর্জন | | ১০০% | | ১০০% | | | |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/**পরিষ্কার-পরিচ্ছন্নতা** বৃদ্ধি ইত্যাদি | উন্নত কর্ম-পরিবেশ | ৩ | সংখ্যা ও তারিখ | | ১০০% | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ৪ | তারিখ | | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | | | | |
| ১.৭ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | প্রদত্ত পুরস্কার | ৩ | তারিখ | | ১০০% | | | ১০০% | | | | | প্রধান কাযালয় কর্তৃক বাস্তবায়ন করা হবে। |
| ২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ...................................................................... | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৪ | তারিখ | | | লক্ষ্যমাত্রা | ২০% | ২০% | ২০% | ৪০% | | | প্রধান কাযালয় কর্তৃক বাস্তবায়ন করা হবে। |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম................ (অগ্রাধিকার ভিত্তিতে ন্যুনতম পাঁচটি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ মানি লন্ডারিং রোধে মুখ্য/আঞ্চলিক ও কর্পোরেট শাখাসমূহকে নির্দেশনা প্রদান | | ৪ | | | ১০০% | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| ৩.২ শাখাসমূহের কম্পিউটারাইজেশন প্রক্রিয়া জোরদাকরনের মাধ্যমে গ্রাহক সেবার মান বৃদ্ধি নির্দেশনা প্রদান | | ৪ | | | ১০০% | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| ৩.৩ সকলস্তরে ব্যাংক কর্মীদের সচেতনতার সাথে দায়িত্ব পালনে নির্দেশনা প্রদান | | ৪ | | | ১০০% | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| ৩.৪ নিধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শাখা পরিদর্শন শতভাগ নিশ্চিতকরন | | ৪ | | | ৬০টি শাখা | লক্ষ্যমাত্রা | ১০ | ২০ | ১৫ | ১৫ | | | করোনা পরিস্থিতির কারনে ১০৫ টি শাখার মধ্যে ৬০টি শাখা পরিদশনের লক্ষ্যমাত্রা নিধারন করা হয়েছে। তবে |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | পরিস্থিতি স্বাভাবিক পর্যায়ে এলে লক্ষ্যমাত্রার অধিক শাখা বাস্তবায়ন করা হবে। |
| ৩.৫ অর্থ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে চালুকৃত ৬টি স্কীমসহ সঞ্চয়ী ও চলতি হিসাব খুলে আমানত সংগ্রহ জোরদারকরনে নির্দেশনা প্রদান | | ৪ | | | ১০০% | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |

বিকাচ(পরি)১(৭)অংশ-১১/২০২১-২০২২/৪১৮২

তারিখঃ ২৯.০৬.২০২২ইং

(শিরীন আক্তার)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

(মোঃ শামীম উদ্দিন)
উপ-মহাব্যবস্থাপক(দায়িত্বে)

# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
ষোলশহর, চট্টগ্রাম-৪২০৩।
ফোন ঃ ০২-৪১৩৫৫৭৪০,০২-৪১৩৫৫৭৩৯
ই-মেইল ঃ gmchittagong@krishibank.org.bd

সূত্র: বিকাচ(প্রশা)০১(৭)অংশ-১১/২০২১-২০২২/৪০৫০ তারিখ ঃ ২০. ০৬.২০২২খ্রিঃ

উপ-মহাব্যবস্থাপক,আগ্রাবাদ/চট্টগ্রাম কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক, চট্টগ্রাম বিভাগ।

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম ও সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জনে নেতিবাচক প্রভাব প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

অত্র কার্যালয়ের মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অত্র বিভাগাধীন বিভিন্ন অঞ্চলের শাখাসমূহের বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রা বিশেষ করে যে সব শাখা ফরেন রেমিট্যান্স আহরণে পিছিয়ে আছে তা সহ সার্বিক পর্যালোচনায় মহাব্যবস্থাপক মহোদয় সকল পারফমেন্সের বিষয়ে গভীর অসন্তোষ প্রকাশ করেন। পারফরমেন্স পর্যালোচনায় প্রতীয়মান হয় সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা আনুপাতিক হারের তুলনায় অর্জন খুবই নগন্য। সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনে বিগত বছরের একই সময়ের তুলনায় কর্পোরেট শাখাসহ সকল মুখ্য অঞ্চল/অঞ্চলের ঋণাত্বক প্রবৃদ্ধি লক্ষণীয়। এ ক্ষেত্রে কাজের প্রতি আন্তরিকতার ঘাটতি প্রতীয়মান হয়,যা মোটেই কাম্য নয়। অর্থ বছরের শুরুতে অত্র কার্যালয় হতে প্রেরিত ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ শাখা ভিত্তিক মাঠ কর্মকর্তাসহ সকল কর্মকর্তা/কর্মচারীর মধ্যে বণ্টন এবং নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ কে যথাযথ তদারকির মাধ্যমে তা বাস্তবায়নের নির্দেশনা দেয়া হয়েছিল। আমানত সংগ্রহ,ঋণ বিতরন এবং ঋণ আদায়ের বন্টিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য সর্বোচ্চ গুরুত্ব প্রদানপূর্বক বিদ্যমান জনশক্তিকে ব্যবহারের মাধ্যমে কাংখিত অর্জনের জন্য অনুরোধ করা হলো। উত্তম গ্রাহকসেবা নিশ্চিত করার মাধ্যমে ভবিষ্যতে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে মনিটরিং জোরদার করা এবং আসন্ন ঈদ উৎসবকে সামনে রেখে প্রত্যেকটি শাখা রেমিট্যান্স আহরনে আরও বেশী তৎপর করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এছাড়া ও মানিলন্ডারিং রোধ,শাখাসমূহে কম্পিউটারাইজেশন প্রক্রিয়া এর মাধ্যমে গ্রাহক সেবার মান বৃদ্ধি,সকল স্তরে শাখার কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতার সাথে দায়িত্ব পালন, নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শাখা পরিদর্শন এর ব্যাপারে যথাযথ দায়িত্ব পালনের জন্য ও অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,
২০/০৬/২০২২
(মো: শামীম উদ্দিন)
উপ-মহাব্যবস্থাপক(দায়িত্বে)

## বাংলাদেশ কৃষি ব্যাংক

### বিভাগীয় কার্যালয়

### চট্টগ্রাম

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়,
চট্টগ্রামের এর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা এর হাজিরা।

| ক্রমিক নং | নাম | মোঃ নং | ঠিকানা | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | জেসমিন আক্তার | 01836980 455 | শাহজাহান সোসাইটি, হামজারবাগ, চট্টগ্রাম | জেসমিন আক্তার ২৭.০৬.2022 |
| ০২. | মো: হাসান মাহমুদ চৌ: | 0171255 8519 | ৭৬১, হক মঞ্জিল, ২ নং গেইট, রামপুর, চট্টগ্রাম | [illegible] |
| ০৩. | মো: নুরুল হুদা | 019305434 79 | আগ্রাবাদ ব্যাপারীপাড়া, পো- বন্দর, ডবলমুরিং, চট্টগ্রাম | [illegible] |
| ০৪. | বেলী বেগম | 01978597 473 | পুরান চান্দগাঁও থানা, চট্টগ্রাম | বেলী বেগম |
| ০৫. | মোসলেম উদ্দিন | 0186640 6250 | চান্দগাঁও, চট্টগ্রাম হোল্ডিং - ১৫০ | [illegible] |
| ০৬. | তানভির আহমেদ সিদ্দিকী | 01713150 913 | খুলশী, চট্টগ্রাম | Tanvir |
| ০৭. | তানজিলা আক্তার | 0153303 2977 | বোয়ালখালী, চট্টগ্রাম | তানজিলা |
| ০৮. | দিলরুবা বেগম | 01848 499653 | চকবাজার, চট্টগ্রাম | [illegible] |
| ০৯. | আবিদ হোসেন | 0153300 3353 | [illegible] চট্টগ্রাম | আবিদ |
| ১০. | তাহমিনা তারেক | 0181588 5076 | [illegible], চট্টগ্রাম | [illegible] |

# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
ষোলশহর, চট্টগ্রাম-৪২০৩।
ফোন ঃ ০২-৪১৩৫৫৭৪০,০২-৪১৩৫৫৭৩৯
ই-মেইল ঃ gmchittagong@krishibank.org.bd

সূত্র: বিকাচ(প্রশা)০১(৭)অংশ-১১/২০২১-২০২২/৪০২২(১) তারিখ ঃ ২০. ০৬.২০২২খ্রিঃ

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম এর শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন প্রসঙ্গে।

ব্যাংকের আঞ্চলিক ও মাঠ পর্যায়ে কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষন কাঠামো ২০২১-২০২২ অনুযায়ী ১.৪ এ বর্ণিত "শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন" আওতায় ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের জন্য "শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আগামী ২২.০৬.২০২২ ইং তারিখ,বৃহস্পতিবার, বিকাল ৪.০০ ঘটিকায় মহাব্যবস্থাপক মহোদয়,চট্টগ্রাম এর সভাপতিত্বে তাঁর কক্ষে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা-কর্মচারীগনকে যথাসময়ে অত্র কার্যালয়ের মহাব্যবস্থাপক মহোদয়,চট্টগ্রাম এর কক্ষে উপস্থিত থাকার জন্য পরামর্শ প্রদান করা হলো।

| ক্রমিক নং | নাম | ভঃতঃসূচক নং | পদবী | বর্তমান কর্মস্থল |
|---|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ লিয়াকত হোসেন | এল-২৫২ | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | বিকেবি,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম। |
| ০২. | জনাব রেজাউজ্জামান মিনহাজ | আর-১৫৩৪ | উর্ধ্বতন কর্মকর্তা | বিকেবি,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম। |
| ০৩. | জনাব আবুল কালাম | এ-৪১২২ | দপ্তরী | বিকেবি,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম। |

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,
20/06/2022
(মো: শামীম উদ্দিন)
উপ-মহাব্যবস্থাপক(দায়িত্বে)

# বাংলাদেশ কৃষি ব্যাংক

## বিভাগীয় কার্যালয়

## চট্টগ্রাম

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম এর শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের হাজিরা।

| ক্রমিক নং | নাম | ভঃতঃসূচক নং | পদবী | বর্তমান কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ লিয়াকত হোসেন | এল-২৫২ | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | বিকেবি,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম। | 22/06/2022 |
| ০২. | জনাব রেজাউজ্জামান মিনহাজ | আর-১৫৩৪ | উর্ধ্বতন কর্মকর্তা | বিকেবি,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম। | 22.06.2022 |
| ০৩. | জনাব আবুল কালাম | এ-৪১২২ | দপ্তরী | বিকেবি,বিভাগীয় কার্যালয়,চট্টগ্রাম। | 22/6/22 |